

শিক্ষক আন্দোলন থামাতে ছাত্রলীগকে সক্রিয় থাকার আহ্বান জাবি উপাচার্যের

জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) আজ থেকে শিক্ষক সমাজের ব্যানারে ডিসি অধ্যাপক শরীফ এনামুল কবিরের পদত্যাগের দাবিতে আনুষ্ঠানিকভাবে আন্দোলনে নামছেন শিক্ষকরা। এ আন্দোলন থামাতে ডিসি তার অনুসারী ছাত্রলীগকে সক্রিয় থাকার আহ্বান জানিয়েছেন।

শনিবার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯২তম জন্মবার্ষিকী উপলক্ষে ক্যাম্পাসে মিছিল করেছে ডিসিপন্থী ছাত্রলীগ। মিছিলের আগে জাবিদের কেক কাটার সময় আয়োজিত এক সমাবেশে নিজের সমর্থক ছাত্রলীগকে ডিনি এ অনুরোধ করেন। জানা গেছে, জুবায়ের হত্যাকারীদের বিচার, গণনিয়োগ বহু, গণতান্ত্রিক চর্চা অব্যাহত রাখা ও ডিসি নির্বাচনসহ বিভিন্ন দাবিতে দুই মাস ধরে ধারাবাহিক আন্দোলনের পর ডিসির পদত্যাগের দাবিতে আজ থেকে ১০ দিনব্যাপী কর্মসূচি পালন শুরু করছেন আন্দোলনরত শিক্ষকরা। সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ে গণসংযোগের কর্মসূচি রয়েছে তাদের। এ ছাড়া বর্তমান ডিসির মেয়াদকালে সংগঠিত প্রশাসনিক অনিয়ম ও দুর্নীতির অভিযোগ সংগ্রহ করতে গণঅভিযোগ-বান্ধু উদ্বোধন করা হবে। শিক্ষক সমাজের আহ্বায়ক অধ্যাপক নাসিম আখতার হোসাইনের অফিস কক্ষের সামনে অভিযোগ বাঞ্ছা যে কেউ জমা দিতে পারবেন বলে জানিয়েছেন পরিসংখ্যান বিভাগের অধ্যাপক ও ডিসি বিরোধী আওয়ামীপন্থী শিক্ষকদের নেতা অধ্যাপক এমএ মতিন।

এদিকে বিশ্ববিদ্যালয়ের ডিসি এ আন্দোলনকে প্রতিহত করতে তার অনুসারী ছাত্রলীগ নেতাকর্মীদের সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন। গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনারে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯২তম জন্মবার্ষিকী উপলক্ষে আয়োজিত সমাবেশে ডিসি অধ্যাপক শরীফ এনামুল কবির বলেন, বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ ও উন্নয়নের ধারাকে ব্যাহত করতে একটি অগত মনুষ্যবৃত্তি লিঙ্গ হয়েছে। এ সময় ছাত্রলীগের নেতাকর্মীদের সতর্ক থাকতে হবে, ঠিকমত ক্রমে হাঞ্জির হতে হবে। সমাবেশে ডিসিপন্থী শিক্ষকদের মধ্যে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক নাসির উদ্দিন, পদত্যাগী প্রক্টর অধ্যাপক আরজু মিয়া, অধ্যাপক অসিত বরণ পাল প্রমূখ।

শিক্ষক সমাজের আহ্বায়ক অধ্যাপক নাসিম আখতার হোসাইন বলেন, বর্তমান ডিসি অনির্বাচিত হওয়ায় বিশ্ববিদ্যালয়ে সবখানেই একটা বৈধতন্ত্র কায়েম হয়েছে। ৭০ এর অধ্যাদেশ অনুযায়ী নিয়োগ পাওয়ার ৪৫ দিনের মধ্যে নির্বাচন দেয়ার কথা থাকলেও তিন বছর ধরে ডিসি অবৈধভাবে পদ অধিকার করেছেন। গণনিয়োগ ও সব ধরনের দুর্নীতি অনিয়ম বহু ডিসির পতনের এক দফা দাবি উত্থাপিত না হওয়া পর্যন্ত তারা ঘরে ফিরবেন না বলে জানিয়েছেন।